



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়

(বিএসএমআরএইউ)

পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫।

একচেঞ্জ: ৫৫০৬০০০০, সম্প্র: ৫০৯৯

website: www.bsmraau.edu.bd



এলএলএম প্রোগ্রামে ভর্তির বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষঃ ২০২১-২০২২

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়ে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে দুই বছর মেয়াদী এলএলএম ইন ইন্টারন্যাশনাল এয়ার অ্যান্ড স্পেস 'ল' (LLM in International Air and Space Law) প্রোগ্রামে ২০টি আসনে ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে। সুনির্দিষ্ট শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা অনুযায়ী আগ্রহী প্রার্থীগণ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রদত্ত লিংকের মাধ্যমে আবেদনপত্র সংগ্রহ করতে পারবেন। এছাড়াও অফিস চলাকালীন সময়ে বিশ্ববিদ্যালয় হতে আবেদনপত্র সরাসরি সংগ্রহ করা যাবে। এলএলএম প্রোগ্রামের শিক্ষাকার্যক্রম অত্র বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাস পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫ (পুরাতন পিএসসি ভবন যা বিমান বাহিনীর তথ্য ও নির্বাচনী কেন্দ্রের পাশে অবস্থিত) হতে পরিচালনা করা হবে। বিশ্ববিদ্যালয়ের ভর্তি নীতিমালা অনুযায়ী আগ্রহী প্রার্থীদের মধ্য হতে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং সাক্ষাৎকারের ফলাফলের ভিত্তিতে যোগ্য ছাত্র/ছাত্রীদের ভর্তি করা হবে। কোভিড-১৯ সংক্রান্ত বৈশ্বিক মহামারীর কারণে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা আবশ্যিকভাবে স্বাস্থ্যবিধি সংক্রান্ত সরকারী বিধি-বিধান, স্বাস্থ্য মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয় ও ইউজিসি'র নির্দেশনা মেনে অনুষ্ঠিত হবে।

ভর্তি সংক্রান্ত নির্দেশিকা এবং আবেদনপত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট <https://www.bsmraau.edu.bd>-এর Admission-এ পাওয়া যাবে। ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা মোতাবেক আবেদন ফরম নির্ভুলভাবে পূরণ করে ব্যাংক ড্রাফটসহ ডাকযোগে/সরাসরি জমা দিতে হবে। আবেদন ফরম সংক্রান্ত যে কোন বিষয়ে সহায়তার জন্য ই-মেইলে sharmabsmraau@gmail.com, sharma.ict@bsmraau.edu.bd এবং মোবাইল নং +৮৮০১৩২২৩১১৪৫৭ এ যোগাযোগ করা যেতে পারে।

ভর্তি সংক্রান্ত সময়সূচীঃ

ক্রমিক নং	ভর্তি কার্যক্রমের বিবরণ	তারিখ ও সময়
১।	বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে অথবা স্ব-শরীরে আবেদনপত্র সংগ্রহ ও ডাকযোগে বা স্ব-শরীরে জমা প্রদান শুরু	০১ নভেম্বর ২০২১, সোমবার দুপুর ১২:০০ ঘটিকা থেকে।
২।	স্ব-শরীরে আবেদনপত্র জমাপ্রদান সমাপ্ত (আবেদনপত্রের সাথে যোগ্য প্রার্থীদের ভর্তি পরীক্ষার ফি বাবদ ৭৫০/-টাকা ব্যাংক ড্রাফটের মাধ্যমে জমা করতে হবে)	২২ নভেম্বর ২০২১, সোমবার বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত।
৩।	ভর্তি পরীক্ষার তারিখ: (ভর্তি পরীক্ষার নির্ধারিত সময়ের ন্যূনতম ৩০ মিনিট পূর্বে অত্র বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসে সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রে নির্ধারিত আসন গ্রহণ করতে হবে)	০৩ ডিসেম্বর ২০২১, শুক্রবার (সকাল ০৯:০০ ঘটিকা থেকে শুরু)।
৪।	ভর্তি পরীক্ষার স্থান	বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাস, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫।
৫।	সাক্ষাৎকারের জন্য যোগ্য প্রার্থীদের নামের তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (https://www.bsmraau.edu.bd) প্রকাশ	০৮ ডিসেম্বর ২০২১, বুধবার।
৬।	সাক্ষাৎকারের তারিখ ও স্থান	১৩ ডিসেম্বর ২০২১, সোমবার। বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাস, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫।
৭।	ভর্তির জন্য নির্বাচিত ও অপেক্ষমান প্রার্থীদের নামের তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (https://www.bsmraau.edu.bd) এবং বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশের তারিখ	১৫ ডিসেম্বর ২০২১, বুধবার।

* বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই বিজ্ঞপ্তির যেকোন নির্দেশনা/তথ্য/শর্ত যেকোন সময় বাতিল/পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

রেজিস্ট্রার
(বিএসএমআরএইউ)